

বিপিএটিসি স্কুল এন্ড কলেজ
এসএসসি -২০২২ এর
নির্বাচনী অ্যাসাইনমেন্ট
বিষয় :বাংলা দ্বিতীয় পত্র
বিষয় কোড: ১০২

সময়: ৩ ঘণ্টা

পূর্ণমান:১০০

[বি:দ্র:ডানপার্শ্বস্থ সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক।উত্তর প্রাসঙ্গিক হওয়া বাঞ্ছনীয়।একই প্রশ্নের উত্তরে সাধু ও চলিত ভাষারীতির মিশ্রণ দৃষণীয়]

১। অনুচ্ছেদ রচনা কর।

১০

বিশ্বায়ন

২। পত্র লিখ।

১০

তোমার এলাকার রাস্তা সংস্কারের জন্য কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করে দৈনিক পত্রিকায় প্রকাশের উপযোগী একটি পত্র লিখ।

৩। সারমর্ম লিখ:

১০

' আসিতেছে শুভদিন,

দিনে দিনে বহু বাড়িয়াছে দেনা শুধিতে হইবে ঋণ!
হাতুড়ি শাবল গাঁহিতি চালায়ে ভাঙিল যারা পাহাড়,
পাহাড়-কাটা সে পথের দু'পাশে পড়িয়া যাদের হাড়,
তোমারে সেবিতে হইল যাহারা মজুর, মুটে ও কুলি,
তোমারে বহিতে যারা পবিত্র অঙ্গে লাগাল ধূলি;
তারাই মানুষ, তারাই দেবতা, গাহি তাহাদেরি গান,
তাদেরি ব্যথিত বক্ষে পা ফেলে আসে নব উত্থান!

৪. ভাব-সম্প্রসারণ কর।

১০

স্বাধীনতা অর্জনের চেয়ে স্বাধীনতা রক্ষা করা কঠিন।

৫. প্রতিবেদন রচনা কর:

১০

একটি জাতীয় পত্রিকার সাংবাদিক হিসেবে 'করোনা ভাইরাসের সংক্রমণ প্রতিরোধে জনসচেতনতা অপরিহার্য' শিরোনামে একটি সংবাদ প্রতিবেদন প্রণয়ন কর।

৬। প্রবন্ধ লিখ।

২০

বাংলাদেশের ঋতুবেচিত্র্য

- ক. স্বরলোপের অপর নাম কী?
- খ. 'বধ' শব্দটির প্রকৃতি ও প্রত্যয় কী হবে ?
- গ. সমার্থক, বিপরীতার্থক, বিরোধার্থক শব্দযোগে কোন সমাস সাধিত হয়?
- ঘ. 'ক থেকে 'ম' পর্যন্ত বর্ণগুলোকে কী বর্ণ বলা হয়?
- ঙ. কোনটির অর্থবাচকতা নেই, কিন্তু অর্থদ্যোতকতা আছে ?
- চ. পদাশ্রিত নির্দেশক সাধারণত পদের কোথায় বসে?
- ছ. পদাশ্রিত নির্দেশক- এর অপর নাম কী?
- জ. ' নিমরাজি হয়েছি সকলের অনুরোধে'-
এখানে 'নিম'কোন প্রকারের উপসর্গ ?
- ঝ.বাংলা ভাষায় যৌগিক স্বরধ্বনির সংখ্যা কয়টি?
- ঞ. 'দুধের মাছি' বাগধারাটির অর্থ কী?
- ট. পদাশ্রিত নির্দেশকের বিভিন্নতা হয় কিসের ভেদে?
- ঠ.'আমার যাওয়া হয়নি'- 'আমার' কোন কারকে কোন বিভক্তি?
- ড. 'এমন মেয়ে আর দেখিনি'- বাক্যে মেয়ে শব্দটি কোন কারকে কোন বিভক্তি?
- ঢ. 'আশীবিষ' কোন সমাসের উদাহরণ?
- ণ. সমাসবদ্ধ বা সমাসনিষ্পন্ন পদটির নাম কী?
- ত. 'চন্দ্রমুখ' শব্দের ব্যাসবাক্য কী?
- থ. 'রাজপথ'-এর ব্যাসবাক্য কী?
- দ. ঝিরঝির করে বাতাস বইছে— এখানে 'দ্বিরুক্তি' শব্দটি কোন অর্থ প্রকাশ করেছে?
- ধ. 'বৃষ্টি পড়ে টাপুর টুপুর'—এ বাক্যে 'টাপুর টুপুর' কোন পদের দ্বিরুক্তি ?
- ন. বিভক্তিহীন নাম শব্দকে কী বলে?
- প. 'বাঁশি' কোন ধরনের শব্দ?
- ফ. 'সারাটি সকাল তোমার আশায় বসে আছি'-এখানে পদাশ্রিত নির্দেশকটি কী অর্থ প্রকাশ করেছে?
- ব. 'কেতা দুরন্ত' বাগধারাটির অর্থ কী ?
- ভ. যেসব শব্দের অর্থ তাদের প্রকৃতি ও প্রত্যয়ের অর্থ অনুযায়ী হয়ে থাকে তাদের কী বলে?
- ম. 'গায়ক' কী ধরনের শব্দ?
- য. কোন সমাসে সাধারণ ধর্মের উল্লেখ থাকে?
- র. 'গবেষণা' শব্দটির সন্ধিবিচ্ছেদ কী?
- ল. ' এক যে ছিল রাজা '-এখানে পদাশ্রিত নির্দেশক কী অর্থে ব্যবহৃত হয়েছে ?
- শ. 'বিজ্ঞান' শব্দে 'বি' উপসর্গ কী অর্থে ব্যবহৃত হয়েছে?
- ষ. কয়টি উপসর্গ বাংলা ও তৎসম উভয়েই পাওয়া যায়?